

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ৩০৯

এ,

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি এবং সুপ্রীম কোর্টের বিজ্ঞ আইনজীবীগণের মামলা শুনানীকালীন পরিধেয় পোষাক সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গত ০৬.০৮.২০২০ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত ফুলকোর্ট সভার সিদ্ধান্তের আলোকে করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণজনিত বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ শারীরিক উপস্থিতিতে এবং ভার্যুয়াল পদ্ধতিতে মামলা শুনানীকালীন ক্ষেত্রমত টার্নড আপ সাদা কলার ও সাদা ব্যান্ডসহ সাদা শার্ট ও প্যান্ট/শাড়ী বা সালোয়ার কামিজ পরিধান করবেন।

০২। সুপ্রীম কোর্টের বিজ্ঞ আইনজীবীগণ শারীরিক উপস্থিতিতে এবং ভার্যুয়াল পদ্ধতিতে মামলা শুনানীকালীন ক্ষেত্রমত টার্নড আপ সাদা কলার ও সাদা ব্যান্ডসহ সাদা শার্ট ও প্যান্ট/শাড়ী বা সালোয়ার কামিজ পরিধান করবেন।

০৩। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এ বিজ্ঞপ্তি বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বা/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইলঃ rg@supremecourt.gov.bd


স্মারক নং- ৩৫৯৫

এ,

তারিখঃ ২৭ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
১১ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা(সকল)
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা(সকল)
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৯. সহকারী রেজিস্ট্রার/রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)
১০. বেঞ্চ অফিসার/বেঞ্চ রীডার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো)
১১. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করবেন।
১২. নোটিশ বোর্ড।


১১.০৮.২০২০

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)